



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়

সান্তাহার সরকারি কলেজ, বগুড়া।



ফোন নং- ০৭৪১৬৯৪০৯; ই-মেইল: santahargovtcollege@gmail.com; santahargovt@gmail.com; ওয়েব: www.sgcb.edu.bd

তারিখ: ২৭/০৭/২০২১ খ্রি.

২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের অ্যাসাইনমেন্ট সংক্রান্ত বিজ্ঞপ্তি-২০২১

এতদ্বারা অত্র কলেজের উচ্চ মাধ্যমিক দ্বাদশ শ্রেণির ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ (২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার্থী) শিক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনায় জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য পাঠ্যসূচি পুনর্বিন্যাস করেছে। ২০২১ সালের এইচএসসি পরীক্ষার্থীদের জন্য বিষয় ভিত্তিক মূল্যায়ন নির্দেশনাসহ (রুব্রিক্স) অ্যাসাইনমেন্ট প্রণয়ন করেছে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির ভিত্তিতে শিক্ষার্থীদের শিখন কার্যক্রমে আরও সম্পৃক্তকরণ ও ধারাবাহিক মূল্যায়নের আওতায় আনার লক্ষ্যে প্রণীত অ্যাসাইনমেন্টসমূহ ২৬/০৭/২০২১ খ্রি. থেকে প্রদান করা হয়েছে। পুনর্বিন্যাসকৃত পাঠ্যসূচির আলোকে অ্যাসাইনমেন্ট কার্যক্রম গ্রহণ করা হয়েছে। গ্রুপভিত্তিক নৈর্বাচনিক বিষয়ের উপর প্রতি সপ্তাহে ০২ (দুই) টি করে ১৫ (পনের) সপ্তাহের জন্য মোট ৩০ (ত্রিশ) টি অ্যাসাইনমেন্ট প্রণয়ন করা হয়েছে। ২৬/০৭/২০২১ খ্রি. এ সকল অ্যাসাইনমেন্টের মধ্যে প্রথম পর্যায়ে ০২ সপ্তাহের জন্য অ্যাসাইনমেন্ট কাভার পৃষ্ঠার নমুনাসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। পরবর্তী সময়ে দ্বিতীয় ধাপের অ্যাসাইনমেন্ট যথা নিয়মে প্রকাশ করা হবে। আগামী ০৯ আগস্ট ২০২১ খ্রি. তারিখের মধ্যে শারিরিক দুরত্ব বজায় রেখে অত্র কলেজ অফিসে ০২ (দুই) সপ্তাহের অ্যাসাইনমেন্ট জমা দেওয়ার জন্য বলা হলো।

বিষয়টি অতীব জরুরি। সকল বিভাগের সকল ছাত্র-ছাত্রীকে অবশ্যই অ্যাসাইনমেন্ট জমা দিতে হবে।

বি.দ্র. : বিষয় অনুসারে অ্যাসাইনমেন্ট কলেজের ওয়েব সাইট এবং ফেসবুক পেজে পাওয়া যাবে।

web page: <http://sgcb.edu.bd/>

facebook : <https://www.facebook.com/Santahargovtcollege>

- নির্ধারিত কভার ফরমেট কলেজ ওয়েব/ফেসবুক পেজ হতে ডাউনলোড করে তা অ্যাসাইনমেন্ট এর কভার হিসেবে (প্রতি বিষয়ের জন্য) ব্যবহার করতে হবে।
- A4 সাইজের কাগজে শুধু এক পাশে অ্যাসাইনমেন্ট লিখতে হবে।

অধ্যক্ষ

সান্তাহার সরকারি কলেজ
সান্তাহার, বগুড়া।

প্রফেসর ড. বদীপ কুমার সাদা (৪৪৮০)

অধ্যক্ষ

সান্তাহার সরকারি কলেজ, বগুড়া